২৪ DEC 1987
তারিখ ... পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 4

দৈনিক ইনকিলাব

৮৮-023

# উপজেলা পরিক্রমা

## লাকসাম

লাকসাম (কুমিল্লা), ২৩ ডিসেম্বর (সংবাদদাতা)।— কুমিল্লা জেলার লাকসাম একটি অন্যতম ঐতিহ্যবাহী প্রাচীন উপজেলা। এর দক্ষিণে নাঙ্গলকোট উপজেলা এবং পূর্বে চৌদ্দগ্রাম উপজেলা, উত্তরে কোতোয়ালী উপজেলা, পশ্চিমে শাহরাস্তি উপজেলা। এ উপজেলায় ২২টি ইউনিয়ন পরিষদ, ১টি পৌরসভা ও ৫শ' ৫৬টি গ্রাম নিয়ে এ উপজেলা গঠিত। আয়তন ১শ' ৬৯ বর্গমাইল।

মোট লোকসংখ্যা ৪ লাখ ১৪ হাজার ১শ' ৫৯ জন। তন্মধ্যে ২ লাখ ৯ হাজার ৬শ' ৫৪ জন পুরুষ ও ২ লাখ ৪ হাজার ৫শ' ৫ জন মহিলা।

### স্বাস্থ্য ব্যবস্থা

এ উপজেলায় ৩১ শয্যাবিশিষ্ট ১টি হাসপাতাল থাকলেও বর্তমানে ২০/২৫ শয্যা চালু আছে। জীবনরক্ষাকারী তেমন কোন ওষুধপত্র নেই বললেই চলে। স্বাস্থ্য কমপ্লেক্সটিতে এ্যাম্বুলেন্স নেই, এক্সরে বিভাগ চালু করার পরিকল্পনা থাকলেও অদ্যাবধি সে ব্যবস্থা এখানে বাস্তবায়িত হয়নি। বহিঃবিভাগে প্রতিদিন ২/৩শ' রোগীকে নামেমাত্র ব্যবস্থাপত্র ও সাদা, হলদে রঙের ট্যাবলেট দেয়া হয়। এ অঞ্চলে পরিবার পরিকল্পনা ৪টি ও ১টি সরকারী দাতব্য চিকিৎসালয় আছে।

### শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় শিক্ষিতের হার ৩০%। এখানে সরকারী মহাবিদ্যালয় ১টি, বেসরকারী মহাবিদ্যালয় ২টি, আলীয়া মাদ্রাসা ১টি, উচ্চ বিদ্যালয় ৩৩টি, জুনিয়র হাই স্কুল ৯টি, সিনিয়র মাদ্রাসা ১২টি, জুনিয়র মাদ্রাসা ১৬টি, দাখিল মাদ্রাসা ৮টি, ফোরকানিয়া মাদ্রাসা ২০০টি, এফতেদায়ী মাদ্রাসা ৫০টি, ২টি এতিমখানা ও ৩টি কিণ্ডার - গার্টেন রয়েছে।

### বিদ্যুৎ ও গ্যাস

উপজেলায় বিদ্যুতাধীন গ্রামের সংখ্যা ১৩৫ এবং কয়েকটি ইউনিয়নকে বিদ্যুতায়িত করার পরিকল্পনা নিলেও এখন পর্যন্ত বাস্তবায়িত হয়নি। হাজার হাজার গ্রাহক মিটারের জন্য কাগজপত্র জমা দিয়েও মিটার পাচ্ছে না। এ সুযোগে স্থানীয় বিদ্যুৎ কর্মচারীরা অবৈধ বিদ্যুৎ সংযোগ দিয়ে হাজার হাজার টাকা পকেটস্থ করছে। গ্যাস লাইন লাকসাম রেলওয়ে জংশন পর্যন্ত এলেও অজ্ঞাত কারণে গ্যাস সরবরাহের কাজ বন্ধ রয়েছে।

### যোগাযোগ ব্যবস্থা

এ উপজেলায় ১টি বিখ্যাত রেলওয়ে জংশন ও ৭টি রেলওয়ে স্টেশন রয়েছে। জেলা সদরের সাথে রেল ও সড়কের যোগাযোগ ব্যবস্থা রয়েছে। কিন্তু লাকসাম-কুমিল্লা সড়কের অবস্থা খুবই করুণ। তাছাড়া পাকা রাস্তা ৩০ মাইল। লাকসাম-চৌদ্দগ্রাম সড়কে ইট বিছানো ১৫ মাইল। ৬১৮ মাইল কাঁচা রাস্তা রয়েছে। লাকসাম-কুমিল্লা সড়কে জরাজীর্ণ কিছু বাস ও টেম্পো অতিরিক্ত যাত্রী নিয়ে চলাচল করে। এতে যাত্রীসাধারণের ভোগান্তির শেষ নেই।

### কৃষি ব্যবস্থা

উপজেলার শতকরা ৭০ জন লোক কৃষির উপর নির্ভরশীল। বাকী ৩০ ভাগ চাকরিজীবী, ব্যবসায়ী ও শ্রমিক। মোট জমির পরিমাণ ১ লাখ ৮ হাজার ১শ' ৬০ একর।

চাষোপযোগী জমি ৭২ হাজার একর। খাস জমি ৩ হাজার ২৯ একর। পতিত জমি ১শ' একর। কৃষি কাজে ব্যবহৃত গভীর নলকূপ ১৯২টি, অগভীর ৪২৫টি। পাওয়ার পাম্প ১৯১টি। এ উপজেলায় ডাকাতিয়া নদীর ভাঙ্গন ও পাহাড়ী ঢলে বন্যা এবং প্রাকৃতিক দুর্যোগের দরুন প্রতি বছর বিপুল পরিমাণ কৃষি সম্পদ বিনষ্ট হচ্ছে। উপজেলার প্রধান ফসল ধান, পাট, ইক্ষু, আলু, সরিষা, কলাই, গম ইত্যাদি।